

ত্রৈমাসিক

রাজউক বার্তা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশনা

ভলিউম-৪, সংখ্যা-২, অক্টোবর-ডিসেম্বর ২০১১, বাংলা ১৪১৮

উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা: **প্রকৌশলী মোঃ নুরুল হুদা**
চেয়ারম্যান, রাজউক

উপদেষ্টাবৃন্দ:

মোঃ নাজমুল হাই, সদস্য, রাজউক
এম মাহবুব উল আলম, সদস্য, রাজউক
আখতার হোসেন ভূঁইয়া, সদস্য, রাজউক
শেখ আব্দুল মান্নান, সদস্য, রাজউক
ড. মোঃ জহুরুল হক, পরিচালক, রাজউক
সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক, রাজউক
মোহাম্মদ মোস্তফা, সচিব, রাজউক।

প্রধান সম্পাদক : **মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার**
সদস্য (অর্থ), রাজউক

সম্পাদক : **মোঃ আশরাফ আলী আখন্দ**

সহকারী সম্পাদক : **মোঃ মুসা আখন্দ**
মাহফুজা আক্তার

শুভেচ্ছা

ইংরেজী নববর্ষ উপলক্ষে সমগ্র দেশবাসীকে রাজউক বার্তার পক্ষ থেকে নববর্ষ -এর শুভেচ্ছা

অন্য পাতায়

নগর পরিকল্পনা	০১	প্রশাসন	০৪
উন্নয়ন নিয়ন্ত্রন	০৩	আইন বিষয়ক	০৬
উন্নয়ন	০৩	হিসাব ও নিরীক্ষা শাখা	০৭
এষ্টেট	০৩	বিবিধ	০৭

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)

রাজউক ভবন, ঢাকা-১০০০
ফোন : ৮৮-০২-৯৫৬৪৫৭৭
www.rajukdhaka.gov.bd

হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্পের উল্লেখযোগ্য অগ্রগতি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্প সম্পর্কে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশের পরিপ্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অ্যাডভোকেট আব্দুল মান্নান খান, এমপি গণমাধ্যমের প্রতিনিধিদের সাথে মতবিনিময় করেন এবং উক্ত প্রকল্পের অগ্রগতি উপস্থিত সাংবাদিকগণসহ সরেজমিনে পর্যবেক্ষণ করেন। তিনি সংবাদ মাধ্যমে ও জনগণের উদ্দেশ্যে বলেন যে, নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পের কার্যক্রম সম্পন্ন হবে এবং জনগণের ব্যবহারের জন্য নির্মিত সড়ক ও অন্যান্য সুবিধা সমূহ উন্মুক্ত করা হবে। সংবাদ সম্মেলন ও প্রকল্প পরিদর্শনকালে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সাথে রাজউক চেয়ারম্যানসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

হাতিরঝিল সমন্বিত উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত সংবাদ সম্মেলনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী অ্যাডভোকেট আব্দুল মান্নান খান এমপি, রাজউক চেয়ারম্যান ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

নগর পরিকল্পনা

ডিটেইলড এরিয়া প্ল্যান বাস্তবায়নে অগ্রগতি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত ডিটেইলড এরিয়া প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে রাজউক এলাকার মধ্যে অবস্থিত সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ সমূহে ড্যাপ নকশা ও রিপোর্টের কপি প্রেরণ করা হয়েছে। কর্তৃপক্ষ Stakeholder দের সক্রিয় অংশগ্রহনের মাধ্যমে ন্যূনতম সময়ের মধ্যে ড্যাপের সফল বাস্তবায়নের বিষয়ে আশাবাদী। উল্লেখ্য যে, ইতিমধ্যে রাজউক কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্প সমূহ ও ভবন/স্থাপনা নির্মাণ সহ উন্নয়ন নিয়ন্ত্রণ কার্যক্রমে ড্যাপ অনুসরণ করা হচ্ছে।

সম্পাদকীয়

রাজউক বার্তার নতুনভাবে প্রকাশনার দেড় বছর অতিক্রান্ত হচ্ছে। এ প্রান্তিকে সংস্থার কর্মকান্ডে গতিশীলতা আনয়নে অনেক কাজ হয়েছে। উন্নয়ন কাজের পাশাপাশি কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির বিভিন্ন কার্যক্রম যেমন, অভ্যন্তরীন প্রশিক্ষণ, বৈদেশিক শিক্ষা সফর, কর্মশালা, সেমিনার, বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এতে কাজে উদ্দীপনা ও সৃজনশীলতা বৃদ্ধি পাচ্ছে। ঝিলমিল আবাসিক প্রকল্পের প্লট বরাদ্দ কার্যক্রম দ্রুত শেষ করার জন্য যাচাই বাছাই কমিটিতে আরও জনবল নিয়োগ করা হয়েছে। আগামী বছরের শুরুতে লটারী কার্যক্রম শেষ হবে বলে আশা করা যায়।

ইমারত নির্মাণ অনুমোদনসহ মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করা হচ্ছে। অবৈধ ও অননুমোদিত স্থাপনা অপসারণের কাজও যথারীতি পরিচালিত হচ্ছে। আবাসন সংকট নিরসনে উত্তরা ৩য় পর্ব, প্রকল্পের ফ্ল্যাট নির্মাণ কাজের কার্যাদেশ ইতোমধ্যে প্রদান করা হয়েছে। অন্যান্য প্রকল্প যেমন পূর্বাচল ও ঝিলমিল -এ ফ্ল্যাট নির্মাণ প্রকল্প বাস্তবায়ন শীঘ্রই শুরু হবে। গৃহীত কার্যক্রম গুলো সম্পন্ন হলে আবাসন খাতে জনসাধারণ সুফল পাবে।

"Strengthening Regional Planning and Governance (SRPG)"
প্রকল্পের কার্যক্রম শুরু

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক এর আর্থিক সহায়তায় "City Region Development Project" শীর্ষক প্রকল্পের অধীনে Technical Assistance Grants এর আওতায় "Strengthening Regional Planning and Governance (SRPG)" -এর কার্যক্রম শুরু হয়েছে। উক্ত প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে তদারকী ও পরামর্শের জন্য চেয়ারম্যান, রাজউক মহোদয়কে সভাপতি এবং পরিচালক (পরিকল্পনা প্রণয়ন) কে সদস্য-সচিব করে ১০ (দশ) সদস্য বিশিষ্ট একটি Technical Management Committee (TMC) গঠন করা হয়েছে।

"Rationale, Process and Elements of a Disaster Risk Management Master Plan for Dhaka" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

২৪ নভেম্বর ২০১১ তারিখে সকাল ১১.০০ ঘটিকায় রাজউকের অডিটোরিয়ামে "Rationale, Process and Elements of a Disaster Risk Management Master Plan for Dhaka" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এডভোকেট আব্দুল মান্নান খান এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। উক্ত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইএমআই (Earthquake and Megacities Initiative, USA) -এর চেয়ারম্যান ড. ফুয়াদ বেনডিমেরাদ। মূল প্রবন্ধের উপর আলোচনায় অংশ গ্রহণ করেন ড. মেহেদী আনসারী ও প্রফেসর মুনাজ নূর। সেমিনারে প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন দূর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে মন্ত্রনালয় ইতোমধ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছে। তিনি মাষ্টার প্ল্যান প্রণয়নে দূর্যোগ ব্যবস্থাপনার বিষয়টি অন্তর্ভূক্ত করনের নির্দেশনা প্রদান করেন।

দিল্লী ডেভেলপমেন্ট অথরিটি প্রতিনিধি দলের রাজউক সফর

১১ ডিসেম্বর, ২০১১ তারিখে দিল্লী ডেভেলপমেন্ট অথরিটি -এর একটি প্রতিনিধিদল রাজউক পরিদর্শন করেন। উক্ত প্রতিনিধি দলে অন্তর্ভূক্ত ছিলেন দিল্লী ডেভেলপমেন্ট অথরিটির প্রাক্তন কমিশনার (পরিকল্পনা) জনাব বিজয় রিসবুদ। রাজউক এবং উক্ত প্রতিনিধি দলের মধ্যে অনুষ্ঠিত মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন রাজউকের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব নাজমুল হাই। সভায় রাজউকের সদস্য (পরিকল্পনা), সদস্য (উন্নয়ন), প্রধান প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

দিল্লী ডেভেলপমেন্ট অথরিটি প্রতিনিধি দলের সাথে মত বিনিময় সভায় রাজউকের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব নাজমুল হাই এবং রাজউকের কর্মকর্তাবৃন্দ

নগর পরিকল্পনা শাখায় ছাড়পত্র অনুমোদন

নগর পরিকল্পনা শাখায় ২০১১ সালে চারটি অঞ্চলে ৫৭২৪টি ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন পত্র জমা হয়েছে। তন্মধ্যে ৩৪৩৪টি আবেদনের অনুকূলে ছাড়পত্র প্রদান করা হয়েছে এবং ২২৮টি আবেদন পত্র প্রত্যাখান করা হয়েছে। অবশিষ্ট আবেদন পত্রগুলো প্রক্রিয়াধীন রয়েছে।

উন্নয়ন নিয়ন্ত্রন

বিগত ২০১১ সালে ১৩২ টি আবেদনপত্র বৃহদায়তন বা বিশেষ প্রকল্প অনুমোদন কমিটি কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা পূর্বক অনুমোদিত হয়েছে। ত্রুটিপূর্ণ আবেদন দাখিল হওয়ায় ৫২টি আবেদন প্রত্যাখান করা হয়েছে।

উন্নয়ন

পূর্বাচল সংযোগ সড়ক ব্রীজ নির্মাণ কাজ দ্রুত এগিয়ে চলছে

পূর্বাচল সংযোগ সড়কের অন্যতম অংশে বালু নদীর উপর ১০০ মিটার ব্রীজের নির্মাণ কাজ ৭০% সমাপ্ত হয়েছে। আগামী ডিসেম্বর, ২০১২ সালে সংযোগ সড়কটির নির্মাণ কাজ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে।

নির্মানাধীন পূর্বাচল সংযোগ সড়কের কার্যক্রম

এছাড়া কুড়িল, প্রগতি সরণি হতে ৩০০ ফুট প্রশস্ত পূর্বাচল-দেবগ্রাম-প্রগতি সরণি সংযোগ সড়কের বোয়ালিয়া ব্রীজসহ চারটি ব্রীজের কাজ প্রায় সম্পন্ন হয়েছে।

রাজউকের মূল লক্ষ্য পরিকল্পিত নগর।
পরিকল্পিত নগর ও সুন্দর জীবন গঠনে রাজউককে সহায়তা করুন

পূর্বাচল সংযোগ সড়কের নির্মানাধীন ব্রীজের কার্যক্রম

পূর্বাচল প্রকল্পের অবৈধ স্থাপনা অপসারণ কার্যক্রম অব্যাহত

পূর্বাচল নতুন শহর প্রকল্পের উন্নয়ন কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে প্রকল্প এলাকার অভ্যন্তরে বিদ্যমান বিভিন্ন অবৈধ স্থাপনা অপসারন কার্যক্রম অব্যহত রয়েছে। নভেম্বর ২০১১-এর শেষ সপ্তাহে পূর্বাচল প্রকল্পের ৮ ও ২০ নং সেক্টরের জমি উচ্ছেদের মাধ্যমে ভূমি উদ্ধার করে তাতে উন্নয়ন কাজ হাতে নেয়া হয়েছে।

পূর্বাচলে অবৈধ স্থাপনা অপসারণ কার্যক্রম

এষ্টেট

ঝিলমিল আবাসিক প্রকল্পের প্লট বরাদ্দের জন্য আবেদনপত্র যাচাই কমিটি গঠন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ঝিলমিল আবাসিক প্রকল্পের প্লট বরাদ্দের জন্য আবেদনপত্র যাচাই বাছাইয়ের লক্ষ্যে আখতার হোসেন ভূইয়া, সদস্য (এষ্টেট), রাজউককে আহবায়ক করে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি যাচাই বাছাই কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি ইতোমধ্যে প্রায় ত্রিশ হাজার আবেদনপত্র বাছাইয়ের কাজ সম্পন্ন করেছে। বাছাইকৃত আবেদনপত্রের ডাটা এন্ট্রির কাজ চলমান রয়েছে যা আগামী জানুয়ারী নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে।

পূর্বাচল প্রকল্পের ১১ নং সেক্টরের প্লটের দখল হস্তান্তর শুরু

পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১১ নং সেক্টরের কিছু সংখ্যক প্লট দখল উপযোগী হওয়ায় এর দখল হস্তান্তর কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে এতদ সংক্রান্ত বিজ্ঞপ্তি বিভিন্ন পত্রিকা এবং রাজউকের ওয়েবসাইটে (www.rajukdhaka.gov.bd) দেয়া হয়েছে।

পূর্বাচল প্রকল্পের ৪, ৫ ও ৭ নম্বর সেক্টরের দখল প্রদানকৃত প্লটের লীজ দলিল রেজিষ্ট্রি কার্যক্রম শুরু

পূর্বাচল প্রকল্পের ৪, ৫ ও ৭ নম্বর সেক্টরের দখল প্রদানকৃত প্লটের লীজ দলিল রেজিষ্ট্রি শুরু হয়েছে। অক্টোবর থেকে ডিসেম্বর ২০১১ পর্যন্ত মোট ২১৬ টি প্লটের লীজ দলিল রেজিষ্ট্রি সম্পন্ন হয়েছে। পর্যায়ক্রমে সকল দখল প্রদানকৃত প্লটের লীজ দলিল রেজিষ্ট্রি সম্পন্ন হবে।

প্রশাসন

নিয়োগ

১০/১০/১১ তারিখে অফিস আদেশ ১৪৬/২০১১ অনুযায়ী রাজউকের পরিসংখ্যানবিদ বেগম শামীমা মোমেনকে শর্ত সাপেক্ষে উপ-পরিচালক (ইকোনমিক এনালাইসিস) পদে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।

কর্তৃপক্ষের ১২/১০/১১ তারিখের অফিস আদেশ ১৫০/২০১১ অনুযায়ী উপ-পরিচালক (এষ্টেট-২) জনাব মোহাম্মদ মুসাকে ঝিলমিল আবাসিক প্রকল্পের উপ-পরিচালক হিসেবে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ১৬২/২০১১, তারিখঃ ২৭/১১/১১ -এ জনাব এস, এম আলম, উপ-পরিচালক, রাজউককে উপ-পরিচালক (এষ্টেট-১), রাজউক পদে পদায়ন করা হয়েছে।

তারিখ ১৬/১১/১১ -এর অফিস আদেশ ১৬৪/২০১১ অনুযায়ী জনাব ছাবের আহমেদ, সহকারী প্রকৌশলী (সিভিল), ডিজাইন (রাজউক) কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে নির্বাহী প্রকৌশলী, প্রকল্প (রাজউক) বিভাগের দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ১৭০/২০১১, তারিখঃ ৩০/১১/১১-এ জনাব সাব্বির বিন তাহের সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) এর দায়িত্ব প্রদান করা হয়েছে।

পদোন্নতি

অফিস আদেশ ১৫৫/২০১১-এ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ০৯/২০১১ তম সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক রাজউকের সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) জনাব মোঃ নুরুল ইসলামকে নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

বদলী

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উপ-পরিচালক (এষ্টেট-১) জনাব মোঃ খলিলুর রহমানকে জন প্রশাসন মন্ত্রণালয়ের জারীকৃত প্রজ্ঞাপন নং- ০৫.১৩১.০১৯.০২.০২.০০১.২০১১-১২৩৭, তারিখঃ ১২ অক্টোবর, ২০১১ খ্রিঃ অনুযায়ী উপ-সচিব হিসেবে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে বদলী করা হয়েছে।

বিগত ১৬/১১/১১ তারিখ হতে অফিস আদেশ ১৬৩/২০১১ অনুযায়ী জনাব এ, এস এম এহসান জামিল নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রকল্প (রাজউক) বিভাগ হতে প্রকল্প ব্যবস্থাপক-২ স্বল্প ও মধ্যম আয়ের জনগোষ্ঠীর জন্য উত্তরা ফ্ল্যাট নির্মাণ প্রকল্প-এ বদলী করা হয়েছে।

প্রশিক্ষণ

এন ডি সি ২০১২ তে অংশ গ্রহণ

রাজউকের সদস্য (অর্থ) জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার ন্যাশনাল ডিফেন্স কলেজ কর্তৃক আয়োজিত এন ডি সি ২০১২ কোর্সে অংশ গ্রহণের জন্য সরকার কর্তৃক মনোনীত হয়েছেন। জানুয়ারী ২০১২ মাস থেকে অনুষ্ঠিতব্য উক্ত কোর্সে ২৯ টি দেশের প্রায় ৬০ জন উচ্চ পর্যায়ের সামরিক বেসামরিক কর্মকর্তা অংশ গ্রহণ করবেন বলে আশা করা যায়।

নগর পরিকল্পনা শাখার দুইজন কর্মকর্তার "Urban and Regional Development" শীর্ষক বৈদেশিক প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নগর পরিকল্পনা শাখার দুইজন কর্মকর্তা জনাব মোঃ আশরাফ আলী আখন্দ, উপ-পরিচালক (নগর পরিকল্পনা) এবং মাহফুজা আক্তার, সহকারী পরিচালক (নগর পরিকল্পনা) কোরিয়া ও সিঙ্গাপুরে অনুষ্ঠিত "Korea-Singapore Comprehensive Joint Development

Cooperation Partnership Urban and Regional Development" শীর্ষক এক মাসের প্রশিক্ষণ কর্মসূচীতে ৬ নভেম্বর ২০১১ হতে ৩ ডিসেম্বর ২০১১ পর্যন্ত অংশগ্রহন করেন।

কোরিয়া ও সিঙ্গাপুরে অনুষ্ঠিত "Urban and Regional Development" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচীতে নগর পরিকল্পনা শাখার দুইজন কর্মকর্তা অংশগ্রহন করেন

উক্ত প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় তারা কোরিয়া ও সিঙ্গাপুরের নগর ও অঞ্চল পরিকল্পনার বিভিন্ন দিক সম্বন্ধে প্রশিক্ষণ লাভের পাশাপাশি কোরিয়ায় Land and Housing Corporation (LH), বিভিন্ন New Town সমূহ এবং সিঙ্গাপুর Urban Redevelopment Authority (URA), Housing Development Board (HDB), Urban Transport Authority (UTA), বিভিন্ন New Town সহ আধুনিক নগর পরিকল্পনার বিভিন্ন প্রকল্প পরিদর্শন করেন।

"Legal Affairs" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত

২৯ ডিসেম্বর ২০১১ হতে ৩০ ডিসেম্বর ২০১১ দুই দিনব্যাপী রাজউকের অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় "Legal Affairs" শীর্ষক একটি স্বল্প মেয়াদী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এতে রাজউকের ২০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কোর্সে মামলা সংক্রান্ত বিভিন্ন বিষয়াদির উপর আলোকপাত করা হয়।

"Legal Affairs" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের সনদপত্র বিতরন করেন রাজউকের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ নূরুল হুদা

"Financial Management" শীর্ষক অভ্যন্তরীন প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত

২১ অক্টোবর, ২০১১ তারিখ থেকে ৩১ অক্টোবর, ২০১১ তারিখ পর্যন্ত রাজউকের ১ম ও ২য় শ্রেণীর ২৫ (পঁচিশ) জন কর্মকর্তার **"Financial Management"** বিষয়ে প্রশিক্ষণ রাজউক এনেক্স ভবনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের উল্লেখযোগ্য বিষয়সমুহ ছিল ট্যাক্স ও হিসাব সংক্রান্ত।

"Financial Management" শীর্ষক অভ্যন্তরীন প্রশিক্ষণ কর্মসূচী আওতায় শিক্ষা সফরে প্রশিক্ষণার্থীগন

প্রশিক্ষণ কোর্সটির পরিচালক এবং সমন্বয়ক ছিলেন যথাক্রমে জনাব মোহাম্মদ মোস্তফা ও জনাব শাহ আলম চৌধুরী এবং উপদেষ্টা ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার, সদস্য (অর্থ), রাজউক।

PPA এবং PRR এর উপর প্রশিক্ষণ অনুষ্ঠিত

সেপ্টেম্বর-অক্টোবর মাসে রাজউকের ২৬ জন কর্মকর্তা গজারিয়া উপজেলার বাউসিয়াস্থ ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজে অনুষ্ঠিত Public Procurement Rules, ২০০৮ and Public Procurement Act, ২০০৬ এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ কোর্সটি ১৬ সেপ্টেম্বর শুরু হয়ে ১লা অক্টোবর সমাপ্ত হয়। আবাসিক এ প্রশিক্ষণ কর্মসূচী প্রতি শুক্রবার ও শনিবারের ক্লাশ অনুষ্ঠিত হয়। রাজউকের কর্মকর্তাদের জন্য বিশেষভাবে ডিজাইন করা এ কোর্স-এ e-GP, Procurement Planning, Tendering, EOI, Approval and Appeals Procedure and Professional Misconduct বিষয়ে Lecture Session অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন প্রকল্পের পরিচালক, পরিচালক (অর্থ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী/প্রকল্প ব্যবস্থাপক, উপ-পরিচালক (এম আই এস), সিনিয়র স্থপতি ও অন্যান্য কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

নথি ব্যবস্থাপনা ও নোট উপস্থাপন' -এর উপর কর্মচারীদের অভ্যন্তরীন প্রশিক্ষণ

রাজউকের কর্মচারীদের অভ্যন্তরীন প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় ২৪ নভেম্বর ২০১১ হতে ২৭ নভেম্বরে অনুষ্ঠিত ৩য় শ্রেণীর ৩০ (ত্রিশ) জন কর্মচারীদের সমম্বয়ে গঠিত ৬ষ্ঠ ব্যাচের প্রশিক্ষণ কোর্স সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ডিসেম্বর ২০১১ তারিখে প্রশিক্ষণ কোর্সের সফল সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়।

শিক্ষা সফর

২৩ ডিসেম্বর হতে ২৫ ডিসেম্বর ২০১১ তারিখ পর্যন্ত রাজউকের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ নূরুল হুদা এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এডভোকেট আব্দুল মান্নান খান, এমপি, Integrated Township পরিদর্শনের লক্ষ্যে তিন দিনের এক সফরে ভারত পরিদর্শন করেন। উক্ত সফরকালে তারা ভারতের মহারাষ্ট্রে অবস্থিত Amby Valley, Sahara Lake City Township এবং পুনেতে অবস্থিত Lavasa Hill City পরিদর্শন করেন।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রকৌশলী মোঃ নূরুল হুদা বিগত ১০ ডিসেম্বর ২০১১ হতে ১৭ ডিসেম্বর ২০১১ তারিখ পযন্ত ৮ দিনের এক সরকারী সফরে জাপান ভ্রমন করেন। জনাব সাব্বির বিন তাহের, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) অ. দা. তাঁর সফরসঙ্গী ছিলেন। সফরকালে তারা Komatsu Plant, Awazu পরিদর্শন করেন।

জাপান সফরকালে চেয়ারম্যান রাজউক, প্রকৌশলী মোঃ নূরুল হুদা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উত্তরা আবাসিক প্রকল্পের আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের আওতায় G টু G এর ভিত্তিতে মালয়েশিয়া সরকারের মডেল এপার্টমেন্ট প্রকল্প পরিদর্শনের নিমিত্তে বিগত ০৫ অক্টোবর ২০১১ হতে ০৭ অক্টোবর ২০১১ পর্যন্ত তিন দিনের এক সফরে মালয়েশিয়া ভ্রমন করেন জনাব নাসির উদ্দিন মাহমুদ চৌধুরী, প্রকল্প পরিচালক, ফ্ল্যাট নির্মাণ প্রকল্প ও জনাব ফিরোজ আহমেদ, প্রকল্প পরিচালক, উত্তরা (৩য় পর্ব) প্রকল্প। উক্ত সফরকালে তারা মালয়েশিয়ায় বিভিন্ন মডেল এপার্টমেন্ট পরিদর্শন করেন।

Study Tour/Training Under Purbachal New Town Project শীর্ষক বৈদেশিক শিক্ষা কার্যক্রমের অংশে হিসেবে জনাব মোঃ আনোয়ার হোসেন, প্রকল্প পরিচালক, পূর্বাচল নতুন শহর প্রকল্প,রাজউক এবং জনাব মোঃ আব্দুল বাকী মিঞা, প্রকল্প পরিচালক (কুড়িল ফ্লাইওভার), রাজউক বিগত ০৬ অক্টোবর ২০১১ হতে ১৫ অক্টোবর ২০১১ তারিখ পর্যন্ত ১০ (দশ) দিনের এক সফরে ইতালী ও জার্মানী ভ্রমন করেন।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী জনাব মোঃ সালাউদ্দিন -এর নেতৃত্বে রাজউকের প্রতিনিধিদল বিগত ১০ নভেম্বর ২০১১ হতে ২২ নভেম্বর ২০১১ তারিখ পর্যন্ত ৮ দিনের এক সরকারী সফরে থাইল্যান্ড ও মালয়েশিয়া ভ্রমন করেন। উক্ত প্রতিনিধিদলের অর্ন্তভূক্ত ছিলেন পরিচালক (নগর পরিকল্পনা) ড. মোঃ জহুরুল হক, এ এইচ এম শফিকুল ইসলাম, (তত্ত্বা. প্রকৌ.), কাজী মোহাম্মদ মাহবুবুল হক (সিস্টেম এনালিষ্ট), সুশান্ত চাকমা (উপ সচিব), মোঃ জামাল আক্তার ভূঁইয়া (নি. প্রকৌ.), মোঃ আবু কাউসার মল্লিক (উপ-পরিচালক), এ কে এম আহসান ইকবাল ভূইয়া (উপ-পরিচালক), মোঃ আমিনুর রহমান (অথরাইজড অফিসার)।

মালয়েশিয়ায় রাজউক প্রতিনিধিদল

অবৈধ নির্মাণ থেকে বিরত থাকুন

অনুমোদনহীন ও অবৈধ স্থাপনা চিহ্নিত করনে রাজউককে সহায়তা করুন

যে কোন প্রয়োজনে দালাল নয় বরং সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করুন

আইন বিষয়ক

ডিসেম্বর ২০১১ সাল পর্যন্ত বিভিন্ন আদালতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের মোট বিচারাধীন রীট মামলা ২১১৮টি, দেওয়ানী মামলা ১০০৪টি এবং আরবিট্রেশন মামলা ১০২৬ টি। সেপ্টেম্বর ২০১১ পর্যন্ত ৩টি দেওয়ানী মামলা এবং ৩টি আরবিট্রেশন মামলা নিষ্পত্তি হয় যার সবগুলির রায় সরকার (রাজউক) -এর পক্ষে হয়েছে। বর্তমানে বিচারাধীন মামলাগুলো রাজউকের আইন শাখার বিজ্ঞ আইন কর্মকর্তা ও সহকারী আইন কর্মকর্তা কর্তৃক নিয়মিত তদারকী করা হচ্ছে। উল্লেখ্য যে, শুধুমাত্র রাজউক সংশ্লিষ্ট মামলা নিষ্পত্তির জন্য মহামান্য হাইকোর্টের ২টি পৃথক বেঞ্চ কাজ করে আসছে।
বিদ্যমান মামলার দফা ওয়ারী জবাব প্রস্তুতকরনে সংশ্লিষ্ট শাখা/বিভাগের প্রধানগণ স্ব স্ব উইংয়ের সদস্যগনের মাধ্যমে মনিটরিং জোরদার করা হচ্ছে।

হিসাব ও নিরীক্ষা শাখা

দীর্ঘদিন ধরে অনিস্পন্ন থাকা রাজউকের বার্ষিক হিসাব বিবরণী অবশেষে হালনাগাদ করা হয়েছে। হিসাব শাখার পরিচালক ও উপ-পরিচালক এর নেতৃত্বে ঐ শাখার সকল কর্মকর্তা-কর্মচারী অতিরিক্ত সময় কাজ করে হালনাগদ সম্পন্ন করেন।

স্বচ্ছতা ও জবাবদিহীতা নিরুপনে নিরীক্ষা বিভাগ একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে বিশেষ ভূমিকা পালন করে থাকে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সহকারী নিরীক্ষা দল কর্তৃক ডিসেম্বর ২০১১ পর্যন্ত মোট ৮৩৩ টি আপত্তি অনিস্পন্ন অবস্থায় আছে, তন্মধ্যে সাধারণ ২২১, অগ্রিম ৪৯৩ টি এবং খসড়া ১১৯ টি।

নিরীক্ষা শাখার দ্বি-পক্ষীয় মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

২৮ নভেম্বর ১১ তারিখে নবম জাতীয় সংসদের অনুমিত হিসাব সম্পর্কিত কমিটির ২৭ তম বৈঠক অনুষ্ঠিত হয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তি সম্পর্কে আলোচনা হয়। ২৭ নভেম্বর ১১ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সভাকক্ষে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় মাসিক সমন্বয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন ধরণের দিক নির্দেশনা প্রদান করা হয়। ২৩ অক্টোবর ১১ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অভ্যন্তরীন অডিটের জন্য নিরীক্ষা টিম এর মাধ্যমে অভ্যন্তরীন নিরীক্ষা কার্যক্রম অব্যাহত আছে। ২৯ ডিসেম্বর ১১ তারিখে রাজউকের জেডিসি এফ এর আর্থিক সহায়তায় বাস্তবায়িত ইনটিগ্রেটেড ডেভেলপমেন্ট অব হাতিরঝিল এরিয়া ইনক্লুডিং বেগুনবাড়ী খাল প্রকল্পের ২০০৯-১০ আর্থিক বছরের ত্রিপক্ষীয় সভায় প্রকল্পের কতিপয় অডিট আপত্তি রিপোর্টভুক্ত হয়, যা পরবর্তীতে নবম জাতীয় সংসদেও হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির অনুমিত সভায় আলোচনা হয়। ০৪ ডিসেম্বর ১১ তারিখ থেকে এ মতিন এন্ড কোং এর মাধ্যমে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ আর্থিক বিবরণী বা Financial Statement এর নিরীক্ষা কার্যক্রম বর্তমানে চলমান আছে। এছাড়া অডিট আপক্ষেত্তি নিস্পত্তিকরণের জন্য চেয়ারম্যান রাজউক এর সাথে প্রতি মাসে মাসিক সমন্বয় সভার মাধ্যমে সভা কার্যক্রম অব্যাহত আছে।

অডিট আপত্তি নিস্পত্তির জন্য মাননীয় চেয়ারম্যান, রাজউক, বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের তৎপর হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

বিবিধ

বিশ্ব বসতি দিবস পালিত

প্রতি বছরের ন্যায় এ বছরও বিশ্বের বিভিন্ন দেশের সাথে একইসাথে ৩ অক্টোবর ২০১১ তারিখে বিশ্ব বসতি দিবস ২০১১ উদযাপিত হয়। এ বছর দিবসটির প্রতিপাদ্য ছিল "নগরায়ন ও জলবায়ু পরিবর্তন"। এ উপলক্ষ্যে সকাল ৮.০০ ঘটিকায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্তর হতে প্রেসক্লাব পর্যন্ত এক বর্ণাঢ্য র‍্যালীর আয়োজন করা হয়। ওসমানী স্মৃতি মিলায়তনে বেলা ৩.০০ ঘটিকায় বিশ্ব বসতি দিবস উপলক্ষ্যে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

লাইব্রেরীর উন্নয়নকল্পে কমিটি গঠন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রধান ভবনের দ্বিতীয় তলায় ২০১০ সালে স্থাপিত লাইব্রেরীর সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে নীতিমালা প্রণয়নের লক্ষ্যে জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার, সদস্য (অর্থ) ও সহকারী পরিচালক (হিসাব) জনাব ইলিয়াস মোল্লাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। উল্লেখ্য বর্তমান বছরে প্রায় দুই লক্ষাধিক টাকা বিভিন্ন ধরনের বই ক্রয় করা হয়েছে।

রাজউকের ডিজিটাল আর্কাইভিং

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের পূর্বাচল ও উত্তরা প্রকল্পসহ সকল শাখা ও বিভাগের নথিপত্রের ডিজিটাল আর্কাইভিং কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। আগামী অর্থ বছরের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। এছাড়া আর্কাইভিং কাজ হালনাগাদ করণের জন্য এম আই এস শাখা ডিসেম্বর, ২০১১-এ স্ক্যানারসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করেছে।

কবি সরকার মাহবুব এর "আজন্ম জন্মগ্রাম" কবিতা গ্রন্থের মোড়ক উন্মোচন ও প্রকাশনা অনুষ্ঠান

২০ ডিসেম্বর, ২০১১ তারিখে রাজউক এর সদস্য (উন্নয়ন) এম মাহবুব উল আলম (কবি সরকার মাহবুব) প্রণীত "আজন্ম জন্মগ্রাম" কবিতা গ্রন্থের মোড়ক উন্মোচন ও প্রকাশনা অনুষ্ঠান বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্বে করেন কবিতা বাংলা ও বাংলাদেশ রাইটার্স ক্লাবের সভাপতি কবি মুহম্মদ নুরুল হুদা।

সদস্য, রাজউক প্রণীত কবিতা গ্রন্থের মোড়ক উন্মোচন ও প্রকাশনা অনুষ্ঠানে অতিথিবৃন্দ

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজউক চেয়ারম্যান প্রকৌশলী মোঃ নুরুল হুদা, বাংলা একাডেমীর মহাপরিচালক জনাব শামসুজ্জামান খান, পরিকল্পনা কমিশনের সম্মানিত সদস্য জনাব মাসুদ আহম্মেদ, জাতীয় কবিতা পরিষদের সভাপতি কবি হাবিবুল্লাহ সিরাজী এবং কবি আসমা আব্বাসী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছাড়াও লিখিত আলোচনায় অংশ নেন কবি নাসির আহমদ, কবি বিমল গুহ ও কবি নাহার জাহিদ। কবির কবিতা পাঠ ও শুভেচ্ছা বক্তব্য রাখেন রাজউকের সদস্য (অর্থ) জনাব আনোয়ারুল ইসলাম সিকদার, কবি আফরোজা কণা, কবি আলম তালুকদার, কবি ফরিদুজ্জামান, কবি রতন মাহমুদ সহ অনেকে।

নিবেদন

রাজউক বার্তায় প্রকাশের জন্য রাজউকের সকল কর্মকর্তা কর্মচারীদেরকে তাদের নিজের এবং পরিবারের সদস্যদের যে কোন অর্জন সংক্রান্ত তথ্য সম্পাদকের নিকট প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

হজ্জব্রত পালন

এ বছর জনাব মোঃ আবু বক্কার সিকদার সদস্য (অর্থ), রাজউক সহ রাজউকের নয় জন কর্মকর্তা/কর্মচারী পবিত্র হজ্জব্রত পালন করেছেন। আবু হাসান মোর্তুজা, উপ-পরিচালক (নগর পরিকল্পনা), ইমরুল কবির, উপ-ইমারত পরিদর্শক, মোঃ বিল্লাল হোসেন, উপ-ইমারত পরিদর্শক, মোঃ রফিকুল ইসলাম, কার্যমান-২, মোঃ ইয়াছিন -দপ্তরী, মান্নান পাটোয়ারী, এম, এল এস, এস, মোসাম্মৎ সাজেদা বেগম, নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক, মোঃ সোলেমান মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, মোঃ শওকত আলী, নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক তাদের অর্ন্তভূক্ত ছিলেন।

ইন্তেকাল

মোঃ বাবলু মিয়া, নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক, গত ২৭ ডিসেম্বর ২০১১ তারিখ গ্রামের বাড়ীতে (কাজীপুর, সিরাজগঞ্জ) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন, (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। তিনি পূর্বাচল উপ-শহর প্রকল্পে কর্মরত ছিলেন। মৃত্যুকালে তার বয়স ছিল ৩৮ বৎসর। তিনি স্ত্রী ও দুই সন্তান রেখে গেছেন। আমরা তার আত্মার মাগফেরাত কামনা করছি।



মোঃ বাবলু মিয়া

মোঃ সোলায়মান মিয়া উপ-সহকারী প্রকৌশলী গত ২৩ নভেম্বর, ২০১১ তারিখে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। তিনি কেন্দ্রীয় ঢাকার অফিসে কর্মরত ছিলেন। মৃত্যুকালে তার বয়স ছিলো ৪৭ বৎসর। তিনি স্ত্রী সহ এক ছেলে ও দুই মেয়ে রেখে গেছেন। আমরা তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

ড্যাপ বাস্তবায়নে সকলের সহযোগিতা কাম্য
- রাজউক

অনুরোধ

রাজউক বার্তায় তথ্য, ছবি, প্রবন্ধ ইত্যাদি দিয়ে সহযোগিতা করুন।

প্রকাশক : মোঃ আশরাফ আলী আখন্দ, উপ-পরিচালক (নগর পরিকল্পনা), রাজউক
রাজউকের পক্ষে প্রকাশক কর্তৃক প্রকাশিত ও মেসার্স এন,আর, প্রিন্টার্স, ১২০, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ হতে মুদ্রিত।
রাজউক বার্তা রেজিষ্ট্রেশন নম্বর ঃ ডিএ/২০০০-২৫, ফোন ঃ (৮৮০-২) ৯৫৬৬৭৫৫ রাজউক পিএবিএক্স ঃ (৮৮০-২) ৯৫৫৬১৬১-৫/১৬৫
ফ্যাক্স ঃ (৮৮০-২) ৯৫৬৩৫৯১, ই-মেইল ঃ mashrafbakul@yahoo.com